

স্মারক নং-৩৩.০১.০০০০.১১১.০৫.১০৬৩.১৩- ৬০৫৬

তারিখ-১০/১২/২০২৪ খ্রিঃ।

প্রাপক

আশিষ এগ্রো
পাটকেলঘাটা বাজার, তালা, সাতক্ষীরা

বিষয়ঃ- পশুপুষ্টি উপকরণ আমদানির অনাপত্তি সনদ (NOC) প্রদান।

উপর্যুক্ত বিষয়ে আপনার ১২/১১/২০২৪ তারিখের আবেদনের প্রেক্ষিতে পশুপুষ্টি উপকরণ ও ভেটেরিনারি ঔষধ সামগ্রী আমদানি অনাপত্তি সনদ (NOC) প্রদান কমিটির ২৮/১১/২০২৪ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত পণ্য পত্রে উল্লেখিত শর্তসাপেক্ষে India থেকে আমদানির জন্য অনাপত্তি সনদ প্রদান করা হল।

আমদানিযোগ্য পণ্যঃ

SL No.	Description of Products	PI No. & Date	Country of Origin	Name & Address of Exporter	Pack Size	Quantity
1.	INDIAN CORN DDGS	UPL/24-25/107 11.11.2024	India	UMAEXPO PVT. LTD. FLAT NO.68, GANGA JAMUNA APARTMENT-700 017 GSTIN, 19AACCU5734AIZI, INDIA	Standard PP Bag	5000 MT ±10%

শর্তাবলীঃ

- আমদানিতব্য পণ্য অবশ্যই পোল্ট্রি খাদ্য/পশু খাদ্য হিসেবে ব্যবহার করতে হবে।
- কমিটির সদস্য(গণ) ও ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সময় সময় ওয়্যার হাউজ, ব্যবসা প্রতিষ্ঠান ও বাজার পরিদর্শনে এবং বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে।
- আমদানিতব্য পণ্য রিপ্যাকিং করা যাবে না এবং পোল্ট্রি খাদ্য/পশু খাদ্য ব্যাভীত অন্য কোনভাবে ব্যবহার করা যাবে না।
- এই ছাড়পত্রের মেয়াদ ইস্যুর তারিখ হতে ১(এক) বৎসর পর্যন্ত বলবৎ থাকবে। পণ্য আমদানি ও খালাস উক্ত ০১ বৎসরের মধ্যে করতে হবে।
- সরকারের বিদ্যমান আইনের ব্যত্যয় ঘটলে অনাপত্তি সনদ (NOC) বাতিল বলে গণ্য হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- পশুখাদ্য বিধিমালা-২০১৩ এর অনুচ্ছেদ ৮(৮) এবং আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর আদেশ নং ২৪ এ উল্লেখিত বিষয়াদি অনুসরণ করতে হবে।
- সকল চালান জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, যশোর/চট্টগ্রাম তাঁর প্রতিনিধির উপস্থিতিতে নমুনা সংগ্রহপূর্বক কোয়ালিটি কন্ট্রোল ল্যাব., সাভার, ঢাকা/পিআরটিসি, চট্টগ্রাম/সরকার অনুমোদিত ল্যাবে পরীক্ষাসমূহ (বোভাইন ও শূকরের উপজাতের উপস্থিতি, মাইক্রোবায়োলজিক্যাল পরীক্ষা, ভারী ধাতুর উপস্থিতি ও ক্ষতিকারক এন্টিবায়োটিকের উপস্থিতি) করতে হবে।
- পণ্য খালাসের পূর্বে ফাইটোসেনেটারি সার্টিফিকেট/হেলথ সার্টিফিকেট, শিপিং ডকুমেন্ট ও অন্যান্য কাগজপত্র প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক যাচাই করেনিতে হবে।

(ড. শেখ শাহিনুর ইসলাম)

উপপরিচালক, প্রাণিস্বাস্থ্য

পক্ষে-মহাপরিচালক

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

ফোন-০২-৫৮১৫৭২১১

e-mail:ddhealthdls@gmail.com

health@dls.gov.bd

অনুলিপিঃ

- কমিশনার, কাস্টমস হাউজ, বেনাপোল/ চট্টগ্রাম।
- জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, যশোর/চট্টগ্রাম।
- সিনিয়র সায়েন্টিফিক অফিসার, কোয়ালিটি কন্ট্রোল ল্যাব., সাভার, ঢাকা/পরিচালক (ভারপ্রাপ্ত), পিআরটিসি, সিভাস, চট্টগ্রাম।